

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০৯

৬. কুরবানী অধ্যায় (کتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ১১ যে সকল বস্ত দারা যবেহ করা জায়েয

بَابِ مَا يَجُونُ بِهِ الذَّبْحُ

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ امْرَأَةً كَانَتْ تَرْعَى لِآلِ كَعْبِ بْنِ مَالِكٍ غَنَمًا بِسَلْعٍ فَخَافَتْ عَلَى شَاةٍ مِنْهَا أَنْ تَمُوتَ فَأَخَذَتْ حَجَرًا فَذَبَحَتْهَا بِهِ وَإِنَّ ذَلِكَ ذُكِرَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَهُمْ بِأَكْلِهَا

## বাংলা

২০০৯. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, কা'ব ইবনু মালিক -এর একটি দাসী 'সালা' পর্বতে তার বকরী চরাত। (একদা) তিনি এর মধ্যকার কোনো একটি বকরী মরে যাওয়ার আশংকা করলে একটি পাথর দ্বারা সেটিকে যবেহ করল। এ ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম –এর নিকট উপস্থাপন করলে তিনি তাদেরকে সেটি খাওয়ার নির্দেশ দেন।[1]

## ফুটনোট

[1] তাহ্কীক: এর সনদ সহীহ। (হাদীসটিও সহীহ।)

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৮৯২; মাওয়ারিদুয যাম'আন নং ১০৭৫। ((বুখারী, যাবাইহ ৫৫০৫; মালিক, যাবাইহ ৪ ২/৪৮৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন